দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 NOV 2015
পৃষ্ঠা ৩ কলাম ২

# রাষ্ট্রপতির সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিনিধি দলের সাক্ষাত

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ২৩ নবেম্বর ॥ প্রথমবারের মতো জাতীয় বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠিত হতে যাচ্ছে। আগামী বছরের ৩০ নবেম্বর বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠিতব্য এ প্রথম সমাবর্তনে রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর মোঃ আবদুল হামিদ প্রধান অতিথি হিসারে উপস্থিত থাকবেন।

জাতীয় বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদের নেতৃত্বে পাঁচ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দল সোমবার রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে সাক্ষাত করেন। এ সময় তাঁকে শেরেবাংলা নগরস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তনের তারিখ নির্ধারণ, এতে সভাপতিত্ব ও গ্র্যাজুয়েটদের আশীর্বাদ করার আমন্ত্রণ জানানো হয়। রাষ্ট্রপতি জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণের কথা জেনে সন্তোষ প্রকাশ করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণ সানন্দে গ্রহণ করেন এবং আগামী বছরের ৩০ নবেম্বর সমাবর্তনের তারিখ নির্ধারণ করেন। এ সময় তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এ উদ্যোগের সাফল্য কামনা করেন। প্রতিনিধি দলের অন্য সদস্যগণ হলেন, বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য প্রফেসর ড. মোঃ আসলাম ভূঁইয়া ও প্রফেসর ড. মুনাজ আহমেদ নূর, কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ নোমান উর রশীদ ও রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেন।